

PRINT

সমকাল

শিক্ষার্থীরা আজ ফের আন্দোলনে নামবে

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিকস অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ডের বিচারের দাবিতে আজ মঙ্গলবার সকালে ফের আন্দোলনে নামবে শিক্ষার্থীরা। গতকাল সোমবার সন্ধিয়ায় বুয়েট শিক্ষার্থী অন্তরা তিথি এ তথ্য নিশ্চিত করেন।

অন্তরা তিথি জানান, তারা শিক্ষার পরিবেশ ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে ১০ দফার আন্দোলন করছেন। সব দাবি পূরণ না হওয়া পর্যন্ত তাদের আন্দোলন চলবে। ভর্তি পরীক্ষা উপলক্ষে তারা দু'দিনের জন্য আন্দোলন শিথিল করেছিলেন। সে অনুযায়ী মঙ্গলবার থেকে আবারও আন্দোলন শুরু করবে তারা। আজ মঙ্গলবার সংবাদ সম্মেলন করে পরবর্তী কর্মসূচি জানিয়ে দেওয়া হবে।

গণস্বাক্ষর কর্মসূচি :এদিকে গতকাল ভর্তি পরীক্ষা চলার সময় বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ডে জড়িতদের শাস্তি নিশ্চিত করাসহ ১০ দফা দাবি আদায়ে গণস্বাক্ষর নিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ক্যাম্পাসে আসা ভর্তিচ্ছুল শিক্ষার্থীদের অভিভাবকদের কাছ থেকে তারা এ গণস্বাক্ষর নেয়। গণস্বাক্ষর নেওয়া এক শিক্ষার্থী জানান, এগুলো তারা প্রধানমন্ত্রীর কাছে উপস্থাপন করবেন। এ সময় অভিভাবকদের স্বতঃস্তম্ভূর্তভাবে এই কর্মসূচিতে অংশ নিতে দেখা যায়। নাম প্রকাশে অনিচ্ছুক এক অভিভাবক জানান, আবরারের মতো কোনো সন্তানকে তারা আর হারাতে চান না। তারা চান, এ হত্যাকাণ্ডে জড়িত প্রত্যেকের শাস্তি নিশ্চিত হোক।

গত ৬ অক্টোবর রাতে সামাজিক যোগাযোগমাধ্যমে বাংলাদেশ-ভারত চুক্তির বিষয়ে স্ট্যাটাস দেওয়ার জের ধরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবরার ফাহাদকে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের কয়েকজন নেতা শিবিরকর্মী আখ্যা দিয়ে তাকে ছয় ঘণ্টা ধরে বেদম পেটায়। এর ফলে তিনি মারা যান। এর পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ১০ দফা দাবি উত্থাপন করে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাণ সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল:
ad.samakalonline@outlook.com